

তারিখ ... JAN. 26 2000
পৃষ্ঠা ২ কলাম ...

22

হোসেনপুরে এসডিএ মিশনারীজের নির্মাণাধীন স্কুল ও সেলাই শিক্ষাকেন্দ্রে হামলা, লুট, অগ্নিসংযোগ

সাইফ উদ্দীন আহমেদ শেনিন, কিশোরগঞ্জ থেকে : কিশোরগঞ্জ জেলার হোসেনপুরে এসডিএ মিশনারীজ সংস্থার নামে নির্মাণাধীন স্কুল ও সেলাই শিক্ষাকেন্দ্রের মালামাল লুট করে নিয়ে গেছে স্থানীয় বিক্ষুব্ধ জনতা।

বিলম্বেপ্রাপ্ত খবরে জানা গেছে, এসডিএ (সেভেনথ ডে এ্যাডভেন্টিস্ট মিশনের নামে কিশোরগঞ্জ জেলার বিভিন্ন স্থানে শিশু ও বয়স্ক শিক্ষাদান কেন্দ্র এবং মহিলাদের সেলাই শিক্ষাদানের ব্যাপক প্রকল্প গ্রহণ করা হয়। ইতিমধ্যে প্রতিষ্ঠানটি কিশোরগঞ্জ সদরের গাইটাল, মাইজখাপন, কাটাবাড়ীয়া, বোলাই, করিমগঞ্জ থানার জামরাবাদ, গোজাদিয়া এবং হোসেনপুর থানার গাঙ্গাটিয়ায় জমি ক্রয় করে তাদের কার্যক্রম শুরু করা হয়। হোসেনপুর থানার সাহেদুল ইউনিয়নের গলাচিপা গ্রামেও অনুরূপ আরেকটি প্রতিষ্ঠান নির্মাণের কার্যক্রম শুরু হয়। এলক্ষ্যে জমি ক্রয় করে বিভিন্ন নির্মাণের জন্য রড, সিমেন্ট, ইট, টিন ইত্যাদি সামগ্রী এনে নির্ধারিত স্থানে রাখা হয়। বিভিন্ন নির্মাণের কাজ শুরু করলে স্থানীয় ইউপি চেয়ারম্যান ও স্থানীয় কিছু লোক এসে কাজ বন্ধ করার কথা বলেন।

এ ব্যাপারে এসডিএ মিশনের পরিচালক এডভোকেট বিমল চন্দ্র বিশ্বাস এ প্রতিনিধিকে জানান, গত ১৫ জানুয়ারি ইউপি চেয়ারম্যান শাহ মাহবুবুল হকসহ কয়েকজন এসে এখানে খ্রিস্টানদের কোনো প্রতিষ্ঠান হতে দেবে না বলে হুমকি দিয়ে যায়। ঐ দিনই সন্ধ্যার পর এলাকার সহস্রাধিক লোক দা, কিরিচ, লাঠি, বস্ত্র ইত্যাদি নিয়ে খ্রিস্টানবিরোধী স্লোগান দিতে দিতে একযোগে হামলা চালায়। তারা রাজমিস্ত্রির জন্য নির্মিত অস্থায়ী টিনের ঘরগুলোতে আগুন লাগিয়ে পুড়িয়ে দেয় এবং বিভিন্ন নির্মাণের জন্য জড়ো করা রড, ইট, সিমেন্ট, টিন ইত্যাদি সামগ্রী লুট করে নিয়ে যায়। এ ঘটনায় ইউপি চেয়ারম্যান শাহ মাহবুবুল হকের ইচ্ছন রয়েছে বলে এসডিএ-এর পক্ষ থেকে অভিযোগ করা হয়। এ ব্যাপারে হোসেনপুর থানায় একটি

মামলা দায়ের করা হয়েছে। ক্ষয়ক্ষতির পরিমাণ ৭/৮ লাখ টাকা বলে এজাহারে উল্লেখ করা হয়।

এদিকে এসডিএ মিশনের কাছে জমি বিক্রি করায় গলাচিপা গ্রামের ক্ষিতীশ চন্দ্র সরকার ও তার পরিবার অব্যাহত হুমকির মধ্যে রয়েছে বলে জানা গেছে। গত ১৯ জানুয়ারি গলাচিপা গ্রামে সরজমিন পরিদর্শনে গেলে ক্ষিতীশ চন্দ্র সরকারের বাড়ির সকলকে আতঙ্কিত দেখা গেছে। কেউ এ ব্যাপারে মুখ খুলতে রাজি নয়। এ বাড়ির একজন জানান, জমি বিক্রি করাই আমাদের জন্য কাল হয়েছে। প্রতিপক্ষ টাকা ফেরত দিয়ে জমি ফিরিয়ে আনার জন্য হুমকি দিলে বলে তিনি অভিযোগ করেন। থানায় গেলে এ ব্যাপারে কথা হয় এসআই আলাউদ্দিনের সঙ্গে। তিনি জানান, এখন পরিস্থিতি শান্ত। নিয়মিত পুলিশ যাচ্ছে এলাকায়। থানায়ই দেখা হয়, সাহেদুল ইউপি চেয়ারম্যান ও হোসেনপুর থানা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহ মাহবুবুল হকের সঙ্গে। তার কাছে এ ব্যাপারে জানতে চাইতে তিনি জানান, আমার এলাকায় আমাকে না জানিয়ে কোনো প্রতিষ্ঠান গড়ে ওঠবে সেটা হতে পারে না। তিনি আরো জানান, ঐ এলাকাটি (গলাচিপা) মৌলবাদী এলাকা। এখানে খ্রিস্টানদের কোনো প্রতিষ্ঠান হোক সেটা এলাকাবাসী মেনে নিতে পারেনি। চেয়ারম্যান জানান, লুটকৃত মালামাল যেন সংশ্লিষ্টরা ফেরত দেয় সেজন্য চেষ্টা চালিয়ে যাচ্ছে। তিনি এ ঘটনায় তার ইচ্ছন যোগানোর অভিযোগ অস্বীকার করেন।

এসডিএ মিশনের পরিচালক এডভোকেট বিমল চন্দ্র বিশ্বাস এ প্রতিনিধিকে জানান, ধর্ম, বর্ণ নির্বিশেষে সব মানুষ যেন শিক্ষার সুযোগ পায় এবং বেকার মহিলাদের কর্মসংস্থানের জন্য এসডিএ কার্যক্রম পরিচালিত হচ্ছে। সেলাই শিক্ষার পর এ কাজে মহিলাদের আর্থিক সহায়তা দেওয়া হয় বলে তিনি জানান। তিনি লুটকৃত, মালামাল ফেরত ও প্রতিষ্ঠানের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য আইন প্রয়োগকারী সংস্থার সহায়তা কামনা করেন।

১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮	২৯	৩০	৩১
---	---	---	---	---	---	---	---	---	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----	----